

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৭৫৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - সাতর (সতর)

بَابُ السَّتْرِ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي خَمِيصَةٍ لَهَا أَعْلَامٌ فَنَظَرَ إِلَى أَعْلَامِهَا نَظْرَةً فَلَمَّا انْصَرَفَ قَالَ: «اذهَبُوا بِخَمِيصَتِي هَذِهِ إِلَى أَبِي جَهْمٍ وَأَتُونِي بِأَنْبِجَانِيَّةِ أَبِي جَهْمٍ فَإِنَّهَا أَلْهَتْنِي أَنْفًا عَنْ صَلَاتِي»
وَفِي رِوَايَةٍ لِلْبُخَارِيِّ قَالَ: كُنْتُ أَنْظُرُ إِلَى عِلْمِهَا وَأَنَا فِي الصَّلَاةِ فَأَخَافُ أَنْ يَفْتَنَنِي

বাংলা

৭৫৭-[৪] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি চাদর পরে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। চাদরটির এক কোণে অন্য রঙের বুটির মতো কিছু কাজ করা ছিল। সালাতে এই কারুকার্যের দিকে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) একবার তাকালেন। সালাত শেষ করার পর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমার এ চাদরটি (এর দানকারী) আবু জাহম-এর কাছে নিয়ে যাও। তাকে এটি ফেরত দিয়ে আমার জন্য তার 'আম্বিজা-নিয়াহ্' নিয়ে আসো। কারণ এই চাদরটি আমাকে আমার সালাতে মনোযোগী হতে বিরত রেখেছে- (বুখারী ও মুসলিম)।[1]

বুখারীর আর এক বর্ণনায় আছে, আমি সালাতে চাদরের কারুকার্যের দিকে তাকাছিলাম, তাই আমার ভয় হচ্ছে এই চাদর সালাতে আমার নিবিষ্টতা বিনষ্ট করতে পারে।

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৭৩, মুসলিম ৫৫৬, আবু দাউদ ৪০৫২, ইরওয়া ৩৭৬, আহমাদ ২৪০৮৭, সহীহ আল জামি' ৮৬৪।

ব্যাক্য

ব্যাখ্যা: হাদীসে বর্ণিত “খামীসা” এমন এক ধরনের চৌকা পাতলা কাপড় যা পশমী বা রেশমী দ্বারা তৈরিকৃত এবং চিহ্নযুক্ত। এমন কাপড় পরিধেয় অবস্থায় সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের সময় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দৃষ্টি পতিত হয়।

অতঃপর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খামিসা চাদরটি খুলে ফেললেন এজন্য যে, সালাতে ব্যাস্ত বা অমনোযোগী রাখে এমন প্রত্যেক জিনিস পরিত্যাগ করার সুন্নাত চালু করা। উদ্দেশ্য এটা নয় যে, আবু জাহম খামিসা পরিধান করে সালাত আদায় করবে। কেননা তিনি নিজের জন্য যেটা অপছন্দ করতেন সেটা অপরের জন্য পাঠাতেন না। তিনি এটা পাঠিয়েছেন এজন্য যে, সে যাতে সেটা বিক্রি করে বা অন্য কাজে লাগিয়ে ব্যবহার করতে পারে।

এ হাদীস থেকে সালাতে আত্মমনোযোগ এবং সালাতে ব্যাস্ত বা অমনোযোগী করে এমন সকল কাজ পরিত্যাগ করার প্রতি উৎসাহ দেয়া হচ্ছে। কুরআন ভীত-সন্ত্রস্ত মুসল্লীকে সফলতার সাক্ষ্য দিয়েছে। আর সফলতা হচ্ছে পরকালীন সৌভাগ্যের অপর নাম।

বুখারীর বর্ণনায় এসেছে আমি আশঙ্কা করছি যে, চিহ্নযুক্ত খামীসা চাদরটি আমাকে সালাত আদায়ে বাধা দিচ্ছে এবং সালাত থেকে আমাকে অমনোযোগী করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55314>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন